

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং মহানগর স্পেশাল ট্রাইব্যুনাল নং-১, চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিলে উল্লিখিত মামলার আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় কিন্তু তাহাদের না পাওয়ায় উহা জারী করা সম্ভব হয় নাই এবং যেহেতু ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীদের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে এবং আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, এই আদালতে বিচারার্থে উক্ত আসামীগণ গ্রেপ্তার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে এবং যেহেতু উক্ত আসামীদেরকে শীঘ্রই গ্রেপ্তার করিবার আশু কোন সম্ভাবনা নাই, সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬ (১ক) ধারার বিধানমতে নিম্ন তফসিলে বর্ণিত আসামীগণের নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে অত্র আদালতে হাজির হইবেন। অন্যথায় তাহাদের অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	বিবরণ	আসামীর নাম, ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
(১)	স্পেশাল মামলা নং ৭০/২০১৩ কোতোয়ালী থানার মামলা নং- ৭৭(৯) ২০০৩ ডি.এ.বি.জি. আর নং-৪৫/২০০৩	(১) জনাব জহিরুল ইসলাম, দলনেতা, মধ্য রহমতপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, পিতা আব্দুল হাদী, সাং রহমতপুর, থানা সন্দ্বীপ, জেলা চট্টগ্রাম।	ধারা- ৪০৯/৪০৬/ ৪২০/৪৬৭/৪৬৮/ ৪৭১/১০৯ ধারার তৎসহ ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	২৬-২-১৪ইং

(৭০৭৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নং	বিবরণ	আসামীর নাম, ঠিকানা	ধারা	পরবর্তী তারিখ
	স্পেশাল মামলা নং ৭০/২০১৩ কোতোয়ালী থানার মামলা নং- ৭৭(৯) ২০০৩ ডি.এ.বি.জি. আর নং-৪৫/২০০৩	(২) কেফায়েত উল্লাহ, ভারপ্রাপ্ত উপজেলা সমবায় অফিসার (সহকারী পরিদর্শক, সমবায় সমিতিসমূহ), সন্দ্বীপ, পিতা আব্দুল হান্নান খান, সাং মগধারা, উপজেলা সন্দ্বীপ, জেলা চট্টগ্রাম।	ধারা- ৪০৯/৪০৬/ ৪২০/ ৪৬৭/৪৬৮/ ৪৭১/১০৯ ধারার তৎসহ ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)।	২৬-২-১৪ইং

এস. এম. মজিবুর রহমান
মহানগর সিনিয়র স্পেশাল জজ।